গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
এপিডি অনুবিভাগ
মাঠ প্রশাসন-১ শাখা
www.mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৩৭.১৭.০১২.১৮.২৮

তারিখ: ৩ মাঘ ১৪২৮
১৭ জানুয়ারি ২০২২

বিষয়: **অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ডিসেম্বর ২০২১ এ অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাদের আবেদন প্রেরণ।**

সূত্র: বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের পত্র নম্বর-৮০.০০.০০০০.১০৪.৩৯.০১৩.২১-১৯৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্ধ-বার্ষকী বিভাগীয় পরীক্ষা, ডিসেম্বর-২০২১ এ অংশগ্রহণে ইচ্ছুক বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাদের ০৪-০১-২০২২ থেকে ৩১-০১-২০২২ তারিখের মধ্যে অনলাইনে আবেদন দাখিলপূর্বক ১৫-০২-২০২২ তারিখের মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে প্রিন্টেড কপি বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণ করতে হবে।

০২। এমতাবস্থায়, উক্ত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক তার অধীনে কর্মরত কর্মকর্তাদের আবেদন পত্র ও সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাইপূর্বক আগামী ০৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখের মধ্যে বিশেষ বাহক মারফত জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-১ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

১৭-১-২০২২
শেখ শামছুল আরেফীন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৪৫৫৯
ইমেইল: fa1@mopa.gov.bd

বিতরণ :
১) বিভাগীয় কমিশনার (সকল)
২) জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৩৭.১৭.০১২.১৮.২৮/১

তারিখ: ৩ মাঘ ১৪২৮
১৭ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১৭-১-২০২২
শেখ শামছুল আরেফীন

সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

# বিভাগীয় পরীক্ষার বিজ্ঞপ্তি

নম্বর-৮০.০০.০০০০.১০৪.৩৯.০১৩.২১- ১৯৬ তারিখঃ ৩০.১২.২০২১

**বিষয় : বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার কর্মকর্তাদের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, ডিসেম্বর-২০২১ অনুষ্ঠান সংক্রান্ত।**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কর্মকর্তা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের শিক্ষানবিশ সহকারী সচিব (ড্রাফটিং), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কারিগরি/অকারিগরি কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রার, শ্রম অধিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কারিগরি/অকারিগরি কর্মকর্তাদের অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা ডিসেম্বর-২০২১, মার্চ-২০২২ মাসে অনুষ্ঠানের সময়কাল নির্ধারণ করা হয়েছে। পরীক্ষাসূচি যথাসময়ে দৈনিক পত্রিকা ও বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। **আগামী ০৪ জানুয়ারি, ২০২২ তারিখ দুপুর ১২:০০ টা থেকে ৩১ জানুয়ারি, ২০২২ তারিখ দিবাগত রাত ১২:০০ টার মধ্যে অনলাইনে আবেদনপত্র নির্ভুলভাবে পূরণ করে দাখিল করতে হবে।** অনলাইনে আবেদনপত্র দাখিলের পর প্রিন্টেড ১ কপি [হার্ড কপি] **সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে এবং ১ কপি সরাসরি অথবা ডাকযোগে আগামী ১৫ ফেব্রুয়ারি, ২০২২ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই** বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে। উল্লিখিত তারিখের পর কমিশনে প্রাপ্ত আবেদনপত্র [হার্ড কপি] কারণ যাই হোক না কেন, বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, মন্ত্রণালয় হতে বিলম্বে আবেদনপত্র প্রেরণের কারণে অনেক কর্মকর্তার আবেদনপত্র বাতিল হয়ে যায় এবং এ সকল কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত হন।

০২. **যে সকল কর্মকর্তাকে নন-ক্যাডার থেকে বিসিএস ক্যাডারে অন্তর্ভুক্তি [এন-ক্যাডার] করা হয়েছে তাদেরকে অবশ্যই সংশ্লিষ্ট আদেশ/প্রজ্ঞাপনের কপি আবেদনপত্র [হার্ডকপি] এর সাথে সংযুক্ত করতে হবে । অন্যথায় আবেদনপত্র বাতিল হিসেবে গণ্য হবে।**

০৩. আবেদনপত্রের প্রিন্টেড কপিতে [হার্ড কপি] আবেদনকারী এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে। উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত আবেদনপত্র [হার্ড কপি] প্রেরণ করা হলে বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে লিখিত তথ্যসমূহ অবশ্যই সঠিক ও ত্রুটিমুক্ত হতে হবে। যে কোন ধরনের ত্রুটিযুক্ত বা ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র [হার্ড কপি] বাতিল বলে গণ্য হবে। শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর লক্ষ্যে সর্বশেষ তারিখের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত অনলাইনে আবেদনপত্র দাখিল করে আবেদনের হার্ডকপি মন্ত্রণালয়ের মাধ্যমে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে প্রেরণের জন্য প্রার্থীগণকে পরামর্শ দেওয়া হলো। প্রার্থীকে অবশ্যই অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্টেড কপি [হার্ড কপি] ব্যতীত অন্য যে কোন ধরনের আবেদনপত্র অথবা পূর্বের আবেদনপত্রের হার্ডকপি প্রেরণ করলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪. অনলাইনে আবেদনপত্র [অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষার ফরম] পূরণের নিয়মাবলি নিম্নরূপঃ
প্রার্থী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd অথবাhttp://bpsc.teletalk.com.bd ওপেন করে অনলাইন রেজিস্ট্রেশন সেবা বক্সে বিভাগীয় পরীক্ষা লিংকে ক্লিক করে নিম্নলিখিত ধাপগুলো অনুসরণ করলে Online Form পাওয়া যাবে: Application for departmental examination cadre/Non Cadre ⇒ Session ⇒ December-2021 ⇒ Cadre/Non Cadre Name ⇒ Submit। Online ফরম পূরণের পূর্বে পরীক্ষার্থীগণ Instruction অংশটি Download করে প্রতিটি নির্দেশনা ভাল করে পড়বেন। Online Form-এ ৪ (চার)টি Section রয়েছে। Section-1: Personal Details, Section-2: Service Related Information, Section-3: Examination Related Information, Section-4: ছবি এবং স্বাক্ষর প্রদানের জন্য পৃথক নির্দেশাবলী রয়েছে। প্রতিটি নির্দেশনা এবং Online এর BPSC Departmental (Cadre/Non Cadre) Form এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য সূক্ষ্মভাবে অনুসরণ করে Form পূরণ করতে হবে। এ জন্য পরীক্ষার্থীদের National ID card এর নম্বর, ছবি {ইমেজ ৩০০X৩০০ পিক্সেলস (pixels), ফাইল সাইজ ১০০ কেবি এর নিচে} এবং স্বাক্ষর {ইমেজ ৩০০X৮০ পিক্সেলস (pixels) ফাইল সাইজ ৬০ কেবি এর নিচে} প্রয়োজন হবে।

০৫. পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে যোগ্য ও অযোগ্য প্রার্থীর তালিকা কর্ম কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে। যোগ্য প্রার্থীর তালিকা প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানানোর পর যোগ্য প্রার্থীগণকে কমিশনের ওয়েবসাইট হতে download করে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। অনলাইনে আবেদন ফরম পূরণে কোনো সমস্যা হলে ৫৫০০৬৬৬৮, ৫৫০০৬৭১৩ অথবা ০১৭১৭৬২৪৫৭৬ নম্বরে এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

৩০.১২.২০২১

জান্নাতুল ফেরদৌস
পরিচালক (উপসচিব)

m/nizam/DI Exa 1st2007-A.286